



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

সূত্র নং-প্রশিকা/এফএসডি/২০২৪-২২(এলাকা)

এলাকা ব্যবস্থাপক
সকল উন্নয়ন এলাকা
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

১৫ জুলাই, ২০২৪

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক প্রাপ্তি ও পরিশোধ হিসাব প্রেরণ প্রসংগে।

প্রিয় সহকর্মী,

আপনারা অবগত আছেন যে, প্রতি অর্থবছরে সংস্থার একটি চূড়ান্ত হিসাব প্রস্তুত করতে হয়। উক্ত হিসাব বহিঃ নিরীক্ষকের নিরীক্ষার পর এমআরএ, আয়কর বিভাগসহ বিভিন্ন প্রতিষ্ঠানে জমা দেয়ার বাধ্যবাধকতা রয়েছে এবং জমা দেয়ার একটি নির্দিষ্ট সময় রয়েছে। আমাদের এ বছরের লক্ষ্যমাত্রা ছিল নূতন অনলাইন সফটওয়্যারের মাধ্যমে প্রশিকার বার্ষিক চূড়ান্ত হিসাব প্রস্তুত করা। সফটওয়্যারের কাজ অনেক অগ্রসর হলেও চূড়ান্ত হিসাব প্রস্তুত করার উপযোগী এখন পর্যন্ত হয় নাই। আমাদের কিছু আইনী বাধ্যবাধকতা থাকায় খুব দ্রুতই চূড়ান্ত হিসাব প্রস্তুত করতে হবে। তাই বিগত ২০২৩-২০২৪ অর্থবছরের অর্থাৎ জুলাই, ২০২৩ থেকে জুন ২০২৪ পর্যন্ত সময়ের উন্নয়ন এলাকা ভিত্তিক একটি সঠিক প্রাপ্তি ও পরিশোধ হিসাব তৈরি করে যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরসহ ২০ জুলাই-২০২৪ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

এখানে উল্লেখ্য যে, অনলাইন সফটওয়্যারে যাদের সকল তথ্য হালনাগাদ আছে অর্থাৎ হিসাব সংক্রান্ত তথ্যসহ তাদের উন্নয়ন এলাকার একটি প্রাপ্তি ও পরিশোধ হিসাব অনলাইন সফটওয়্যার থেকে প্রিন্ট নিয়ে স্বাক্ষর করে প্রেরণ করার অনুরোধ রইল।

সকলের সুস্বাস্থ্য কামনা করছি।

ধন্যবাদ

শক্তিপদ চক্রবর্তী

সিএফও

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

অনুলিপি :

১. উপ-প্রধান নির্বাহী- সদয় অবগতির জন্য।
২. সকল পরিচালক - সদয় অবগতির জন্য।
৩. সকল কেন্দ্রীয় ব্যবস্থাপক - সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
৪. অফিস কপি।